

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৮৫.০০১.১৯.১৯৪

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮

০৪ অক্টোবর ২০২১

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলাধীন 'মূলগ্রাম জাহাঙ্গীর আলম ভূইয়া-রুহুল আমীন ভূইয়া ফাউন্ডেশন কলেজ' এর পাঠদানের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা-এর স্মারক নম্বর-৩৭.১৩.০০০০.৪০১.৭৭.০৫১.২১.৩৬৫,
তারিখ: ০৬ সেপ্টেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলাধীন 'মূলগ্রাম জাহাঙ্গীর আলম ভূইয়া-রুহুল আমীন ভূইয়া ফাউন্ডেশন কলেজ'-এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে এ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- ১) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেওয়ার শর্তে) স্ব-অর্থায়নে প্রদান করতে হবে;
- ২) আগামী ০১ বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৩) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোনো শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা হবে না;
- ৪) কলেজের কোনো শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোনো সময় যে কোনো শর্ত আরোপ করতে পারবে;
- ৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে; এবং
- ৮) কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

৪-১০-২০২১

মোঃ মঈনুল হাসান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৮৫.০০১.১৯.১৯৪/১(৮)

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮

০৪ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) যুগ্মসচিব, কলেজ-১ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) অধ্যক্ষ, মুলগ্রাম জাহাঙ্গীর আলম ভূইয়া-বুহল আমীন ভূইয়া ফাউন্ডেশন কলেজ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪-১০-২০২১

মোঃ মঈনুল হাসান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)